



জাতিসংঘে বাংলাদেশ স্থায়ী মিশন, নিউইয়র্ক
Permanent Mission of Bangladesh to the
United Nations, New York



প্রেস রিলিজ

ইসরাইলের সকল অবৈধ স্থাপনা উঠিয়ে নিতে নিরাপত্তা পরিষদকে জরুরি ব্যবস্থা গ্রহণে
ওআইসি'র পক্ষে আহ্বান জানালো বাংলাদেশ

নিউইয়র্ক, ২২ জানুয়ারি ২০২০ :

পূর্ব জেরুজালেমসহ প্যালেস্টাইনি ভূখণ্ডে ইসরাইলের সব ধরনের অবৈধ স্থাপনা উঠিয়ে নিতে জরুরি ব্যবস্থা গ্রহণে নিরাপত্তা পরিষদকে ওআইসি'র পক্ষে আহ্বান জানানো হল জাতিসংঘে নিযুক্ত বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি রাষ্ট্রদূত রাবাব ফাতিমা। আজ নিরাপত্তা পরিষদে 'ফিলিস্তিনি প্রশ্নসহ মধ্যপ্রাচ্য পরিস্থিতি' শীর্ষক উন্মুক্ত বিতর্কে ওআইসি ও বাংলাদেশের পক্ষে প্রদত্ত বক্তব্যে একথা বলেন তিনি।

স্থায়ী প্রতিনিধি বলেন, “এ ধরনের হুমকি ও সহিংসতা বিনা চ্যালেঞ্জে যেতে পারে না। ইসরাইলের প্রতি শক্ত পদক্ষেপ গ্রহণ এবং নিরাপত্তা পরিষদের রেজুলেশনসমূহ বিশেষ করে রেজুলেশন ২৩৩৪ এর বাস্তবায়নে ইসরাইলকে বাধ্য করার দায়িত্ব আন্তর্জাতিক সম্প্রদায়ের উপরই বর্তায়”।

ইসরাইল কর্তৃক ফিলিস্তিনি জনগণের উপর সৃষ্ট অপরাধের তদন্ত শুরু করার যে পদক্ষেপ আন্তর্জাতিক অপরাধ আদালত (আইসিসি) গ্রহণ করেছে তা স্বাগত জানান রাষ্ট্রদূত ফাতিমা। তিনি আশা প্রকাশ করেন আইসিসি দ্রুততার সাথে এটি বাস্তবায়ন করবে। স্থায়ী প্রতিনিধি আরও বলেন, ইসরাইলের মানবাধিকার লঙ্ঘন ও সহিংসতার দায়-দায়িত্ব নিরূপণ ও ন্যায় বিচার প্রতিষ্ঠা করার মাধ্যমেই কেবল বিচারহীনতার সংস্কৃতি বন্ধ হতে পারে।

স্বাধীনতার জন্য বাংলাদেশের সুদীর্ঘ সংগ্রাম ও ১৯৭১ সালের ভয়াবহতম গণহত্যার কথা স্মরণ করে রাষ্ট্রদূত ফাতিমা বলেন, সেই সংগ্রাম ও ভয়াবহ স্মৃতি বাংলাদেশকে সর্বদা বিশ্বের নিপীড়িত ও অধিকার বঞ্চিত মানুষের অধিকার আদায়ে কাজ করতে উৎসাহ জুগিয়েছে; আর এ কারণেই ফিলিস্তিনি জনগণের প্রতি সবসময় বাংলাদেশের অকুণ্ঠ সমর্থন থাকবে।

জাতিসংঘের সংশ্লিষ্ট প্রস্তাবসমূহ, আন্তর্জাতিকভাবে সম্মত 'টার্ম অব রেফারেন্স' ও দ্বি-রাষ্ট্রীয় সমাধান কাঠামোর ভিত্তিতে পূর্ব জেরুজালেমকে রাজধানী করে স্বাধীন ফিলিস্তিনী রাষ্ট্র প্রতিষ্ঠার জন্য বহুপাক্ষিক রাজনৈতিক শান্তি প্রক্রিয়ার মাধ্যমে আন্তর্জাতিক সম্প্রদায়কে আরও দায়িত্বের সাথে ও গঠনমূলকভাবে কাজ করার আহ্বান জানান বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি।
